

দেশজুড়ে | হামলা

লক্ষ্মীপুর • সড়কের কাজ নিয়ে সংবাদ সংগ্রহে গিয়ে হামলার শিকার সাংবাদিক



লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জ সাংবাদিকের ওপর হামলা/ছবি: ভিডিও থেকে নেওয়া



জেলা প্রতিনিধি, লক্ষ্মীপুর

প্রকাশিত: ২ অক্টোবর ২০২৬ | ৪:০৯ এএম

Add Jagonews24 at Google



লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জে সড়কের কাজ নিয়ে সংবাদ সংগ্রহকালে ইসমাইল হোসেন নামে স্থানীয় এক সংবাদকর্মীর ওপর হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে।

বৃহস্পতিবার (১ অক্টোবর) বিকেলে উপজেলার চন্দ্রগঞ্জ বাজারে ঘটনাটি ঘটে।

বিজ্ঞাপন

আহত ইসমাইল দৈনিক জনবানী পত্রিকার চন্দ্রগঞ্জ উপজেলা প্রতিনিধি ও স্থানীয় বসুদুহিতা গপ্রামের মো. আলমের ছেলে।

আহত ইসমাইল হোসেন অভিযোগ করে বলেন, ‘সড়কের কাজ নিয়ে সংবাদ পরিবেশনের জন্য তথ্য সংগ্রহ করছিলাম। এ সময় স্থানীয় ব্যবসায়ী এনাযুল হক ফাহাদ, নুর হোসেন অনিক, মোরশেদ আলম, সাব্বির, সিরাত হোসেন ও আজিম হোসেন আমাকে বাধা দেন। একপর্যায়ে তারা আমাকে মারধর করেন। আমি এ ঘটনার সুষ্ঠু বিচার চাই।’

বিজ্ঞাপন

স্থানীয় সুত্র জানায়, লক্ষ্মীপুর-নোয়াখালী মহাসড়কের চার লেনের কাজ চলমান। এ কাজের কারণে সরকারি জমি থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদ করা হয়। হামলাকারীরা তাদের মধ্যেই কয়েকজন। ঘটনার সময় ইসমাইল সড়কের কাজ নিয়ে সংবাদ পরিবেশনের জন্য তথ্য সংগ্রহ করছিলেন। এ সময় হামলাকারীরা তাকে বাধা দেন। পরে কথা-কাটাকাটির একপর্যায়ে তারা তাকে এলোপাতাড়ি কিল-চুপি মেরে রক্তাক্ত জখম করেন। তাকে সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এ বিষয়ে জানতে চেষ্টা করেও অভিযুক্ত কারও সঙ্গে কথা বলা সম্ভব হয়নি। তবে ছড়িয়েপড়া ভিডিওতে দেখা যায়, অভিযুক্তরা বারবার ইসমাইলকে হুমকি দিচ্ছেন।

চন্দ্রগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রব বলেন, ঘটনাটি গুরুত্বসহকারে দেখা হচ্ছে। ভুক্তভোগী সাংবাদিককে লিখিত অভিযোগ দিতে বলা হয়েছে। অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কাজল কায়সাইএ

ফলো করুন

গুগল নিউজ চ্যানেল

হোয়াটসঅ্যাপ চ্যানেল



সাংবাদিক

আহত

লক্ষ্মীপুর

পাঠকপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগোনিউজ২৪.কমে লিখতে পারেন আপনার। লেখার বিষয় ফিচার, ভ্রমণ, লাইফস্টাইল, ক্যারিয়ার, তথ্যপ্রযুক্তি, ধর্ম, কৃষি ও প্রকৃতি। আজই আপনার লেখাটি পাঠিয়ে দিন। jagofeature@gmail.com ঠিকানা।

সর্বশেষ সংবাদ



তেলের বাজারে বড় ধাক্কা, একলাফে দাম বাড়ল ৫ শতাংশ

১ মিনিট আগে



পদাবনতি দিয়ে বদলি, ২৪ ঘণ্টার না পেরোতেই সেই আদেশ বাতিল

২ মিনিট আগে



তিনটি গিনেস বিশ্বরেকর্ড গড়লেন আর্সেনালের বিশ্বয়বালক ম্যাক্স ডাউম্যান

৫ মিনিট আগে



সংসদীয় সম্পর্ক জোরদারে মুক্তারজের আইনপ্রণেতাদের আহ্বান রাষ্ট্রপতির

৫ মিনিট আগে



কতশত শ্রুতি মনে করে আজ কাঁদছে বলিউড

৬ মিনিট আগে



পদাবনতি দিয়ে বদলি, ২৪ ঘণ্টার না পেরোতেই সেই আদেশ বাতিল

প্রকাশিত: ৮ অক্টোবর ২০২৬ | ৬:০৫ পিএম



খুলনার ফুলতলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) জেসমিন আরাকে সহকারী সার্জন পদে বদলির একদিন পরই সেই আদেশ বাতিল করেছে...

বিস্তারিত পড়ুন

সার সংকটেও আমনের হাসি, বাম্পার ফলনের আশা কৃষকের

প্রকাশিত: ৮ অক্টোবর ২০২৬ | ৫:৫৯ পিএম



চাঁদপুরের মতলব উত্তরে দেশের দ্বিতীয় বৃহত্তম মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্পের আওতাধীন বিস্তীর্ণ মাঠজুড়ে এখন আমন ধানের পরিচর্যা ব্যস্ত সময় পার করছেন কৃষক...

বিস্তারিত পড়ুন

স্কুলের পাশে বজ্রপাতে আহত ৭ শিক্ষার্থী

প্রকাশিত: ৮ অক্টোবর ২০২৬ | ৫:৫৮ পিএম



কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় টিফিন বিলুপ্তির সময় বিদ্যালয়ের পাশের একটি রেইনট্রি গাছে বজ্রপাতের ঘটনায় সাত শিক্ষার্থী আহত হয়েছে। তাদের মধ্যে তিন ছাত্রী জ্ঞান হারিয়ে ফেলে...

বিস্তারিত পড়ুন

রাতে গোয়ালঘরে ছিল আশু গরু, সকালে মিললো মাথা- চামড়া-ভুঁড়ি

প্রকাশিত: ৮ অক্টোবর ২০২৬ | ৫:৫৩ পিএম





রাত্তে গোয়ালঘরে ছিল পাঁচটি গরু। প্রতিদিনের মতো গরুগুলো রেখে ঘুমাতে যান ক্ষুদ্র খামারি রাশেদ মোল্লা। সকালে গোয়ালঘরে গিয়ে দেখা যায়, পাঁচটির মধ্যে একটি য়াঁড় নেই। পড়ে আছে শুষ্ক তার মাথা, চামড়া ও নাকিঁটুঁড়ি....

বিস্তারিত পড়ুন

f X 7 8 9 0



Jagonews24: বহুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

জাগোনিউজ২৪ বাংলাদেশের শীর্ষস্থানীয় অনলাইন নিউজ পোর্টাল। রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা ও বিনোদনসহ দেশ-বিদেশের সর্বশেষ ব্রেকিং নিউজ ও নিরুপযোগ্য সংবাদের জন্য সাথেই থাকুন জাগোনিউজ২৪-এর।

সম্পাদক: কে. এম. জিয়াউল হক

© ২০২৬ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম

একসি গ্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

অ্যাপ ডাউনলোড করুন



© আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা)

গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাজা, ঢাকা-১২১২

যোগাযোগ | গোপনীয়তা নীতি | আমাদের সম্পর্কে

X

